

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা- ১ শাখা)  
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০৯৯.২০১৫-৫৩৭

তারিখ : ৪ মে, ২০১৬

বিষয় : নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলা পরিষদ চেয়ারম্যানের আর্থিক ক্ষমতা প্রদান।


সূত্র : ১. স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০৯৯.২০১৫-৭৬৮; তারিখ: ২৪ জুন, ২০১৫।

সূত্র : ২. জনাব মোঃ আব্দুল কুদ্দুস, মাননীয় সংসদ সদস্য, নাটোর-৪; তারিখ: ২২ মার্চ, ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলা পরিষদ চেয়ারম্যান-এর আর্থিক ক্ষমতা প্রদানের বিষয়ে কতিপয় তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করা হয়। কিন্তু উক্ত তথ্যাদি অদ্যাবধি পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলা পরিষদ চেয়ারম্যানের আর্থিক ক্ষমতা প্রদানের বিষয়টি বিবেচনার পূর্বে নিম্নোক্ত তথ্যাদি সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- (ক) বড়াইগ্রাম উপজেলা পরিষদে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর বিধি ১৫ অনুযায়ী প্যানেল চেয়ারম্যান গঠিত হয়েছে কিনা;
- (খ) প্যানেল চেয়ারম্যান গঠিত না হলেও উক্ত উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ বর্তমানে পরিষদে উপস্থিত রয়েছেন কিনা;
- (গ) প্যানেল চেয়ারম্যান না হয়ে থাকলে উভয় ভাইস চেয়ারম্যান এর নাম, শিক্ষাগত যোগ্যতা, কর্মদক্ষতা উল্লেখ করে একই আইনের ১৫(৫) ধারা অনুযায়ী চেয়ারম্যান প্যানেল গঠনের সুপারিশসহ আর্থিক ক্ষমতার প্রস্তাব প্রেরণ; এবং
- (ঘ) কোন আইনের ক্ষমতা বলে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের মধ্য হতে জনাব মোঃ খোকন মোল্লা প্যানেল চেয়ারম্যান গঠন করে আর্থিক ক্ষমতা প্রদানের প্রস্তাব প্রেরণ করা হয়েছিলো সেসম্পর্কিত বিষয়ে ব্যাখ্যা প্রদান।

  
(ড. জুলিয়া মঈন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৬২২৪৭

উপজেলা নির্বাহী অফিসার  
বড়াইগ্রাম, নাটোর।

অনুলিপি:

১। জেলা প্রশাসক, নাটোর।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।